দৈনিক ইনকিলাব

031

তারিখ 03 NOV 1986
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ।

# উপজেলা পরিক্রমা

## কাপাসিয়া

কাপাসিয়া (গাজীপুর), ২ ডিসেম্বর (সংবাদদাতা)।— পুরাতন ব্রহ্মপুত্রের বেষ্টনী শীতলক্ষ্যা ও বানার নদীর বিধৌত কাপাসিয়া উপজেলা। গাজীপুর জেলার অন্যতম উপজেলা কাপাসিয়া। উত্তরে পাকুন্দিয়া ও গফরগাঁও উপজেলা। দক্ষিণে কালীগঞ্জ ও রূপগঞ্জ উপজেলা। পূর্বে শিবপুর ও মনোহরদী উপজেলা। পশ্চিমে শ্রীপুর ও জয়দেবপুর উপজেলা। বানার নদীর দক্ষিণ তীরে মনোরম পরিবেশে কাপাসিয়া উপজেলা সদর। কাপাসিয়ার আয়তন ১৫৪ বর্গমাইল। মোট লোক সংখ্যা ২,৫০,৯৯৮ জন। মুসলমান ২,৩৩,১২৫ জন। হিন্দু ১৫৩৫ জন। বৌদ্ধ ১৫ জন। অন্যান্য ২১৪ জন। উপজাতী ১০৯ জন। কাপাসিয়ায় পুরুষ ও মহিলা প্রায় সমান।

### শিক্ষা

কাপাসিয়ায় মোট শিক্ষিত ৫১,৪৫১ জন। পুরুষ শিক্ষিত ৩১,৯০৪ জন। মহিলা ১৯,৫৪৭ জন। শিক্ষার হার ২৪.৬%। কলেজ ২টি। কাপাসিয়া ডিগ্রী কলেজ ও বঙ্গতাজ কলেজ। উচ্চ বিদ্যালয় ৪২টি। বালক ২৭টি ও বালিকা ১৫টি। জুনিয়র বালক বিদ্যালয় ৬টি ও বালিকা ১৫টি। প্রাথমিক বিদ্যালয় ১৩৮টি। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ৬টি। সিনিয়র মাদ্রাসা ৬টি। জুনিয়র মাদ্রাসা ২০টি ও ফোরকানিয়া মাদ্রাসা ৪২২টি।

### চিকিৎসা

কাপাসিয়ায় সরকারী হাসপাতাল মাত্র ১টি। তাও আবার ওষুধের অভাব, চিকিৎসকের অভাব। ওষুধের অভাবে ঠিকমত চিকিৎসা হয় না। দাতব্য চিসিৎসালয় ২টি। পশু হাসপাতাল ১টি, পরিবার পরিক্লনা ক্লিনিক ৫টি। সারা উপজেলায় পরিবার পরিক্লনার মাঠ কর্মীরা নিয়মিত কাজ করলেও বেতন ঠিকমত পায় না। হাট-বাজারের অবস্হা শোচনীয়।

### কৃষি

কৃষির উপর বেশীর ভাগ লোক নির্ভর করে এ উপজেলার। মোট জমির পরিমাণ ৮৮,৯৬০ একর। চাষাবাদযোগ্য ৬৫,৬১৯ একর। পতিত জমি ৫,৮০৫ একর। খাস জমি ১২১ একর। বনভূমি ১২,৯৮০ একর। উৎপন্ন ফসল ধান, পাট, তামাক, আখ, গম, আলু, তুলা, ডাল, বাদাম ও বিভিন্ন শাক-সবজি। কাপাসিয়ার ফসলাদি বিভিন্ন স্থানে বিক্রি করা হয়।

### ফল

আম, কাঁঠালের জন্য দেশ বিখ্যাত কাপাসিয়া, খিরাটির কাঁঠাল সুদূর বরিশালে ও চট্টগ্রামে সমাদৃত কাঁঠাল, আম, আনারস, লিচু, পেয়ারা, কলা, সুপারি, খেজুর, তাল, পেঁপে ও লেবুর জন্য কাপাসিয়ার খ্যাতি সারা বাংলাদেশে।

### যোগাযোগ

জেলা সদরের সাথে সরাসরি বাস যোগাযোগ না থাকলেও রাজধানীর সাথে সরাসরি বাস যোগাযোগ আছে। প্রতি দিন কাপাসিয়া-ঢাকা রুটে ৩০/৩৫ টি বাস চলাচল করে। কাপাসিয়ায় কোন যাত্রী ছাউনি নেই। নির্ধারিত কোন বাস স্ট্যাণ্ড নেই। সবে মাত্র বাস স্ট্যাণ্ড হবে বলে উপজেলা পরিষদ সূত্রে জানা গেছে।